

## সর্বজনীন পেনশন স্কিম



সুরক্ষা স্কিম



### কৃষক শ্রমিক জেলে তাঁতি, পেনশন স্কিমে সবাই মাতি

স্বকর্মে নিয়োজিত নাগরিকদের জন্য এ স্কিম। কৃষক, রিকশাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলে, তাঁতি, ব্যবসায়ী, গৃহিণীসহ সব অনানুষ্ঠানিক খাতে নিয়োজিত ব্যক্তিগণ নির্ধারিত হারে চাঁদা প্রদান করে এ স্কিমে যুক্ত হতে পারবেন।

মাসিক জমার হার	১,০০০ টাকা	২,০০০ টাকা	৩,০০০ টাকা	৫,০০০ টাকা
জমা প্রদানের মোট সময়কাল (বছরে)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)
৪২	৩৪,৪৬৫	৬৮,৯৩১	১,০৩,৩৯৬	১,৭২,৩২৭
৪০	২৯,২০০	৫৮,৪০০	৮৭,৬০১	১,৪৬,০০১
৩৫	১৯,১৮৭	৩৮,৩৭৪	৫৭,৫৬১	৯৫,৯৩৫
৩০	১২,৪৬৬	২৪,৯৩২	৩৭,৩৯৮	৬২,৩৩০
২৫	৭,৯৫৫	১৫,৯১০	২৩,৮৬৪	৩৯,৭৭৪
২০	৪,৯২৭	৯,৮৫৪	১৪,৭৮০	২৪,৬৩৪
১৫	২,৮৯৪	৫,৭৮৯	৮,৬৮৩	১৪,৪৭২
১০	১,৫৩০	৩,০৬০	৪,৫৯১	৭,৬৫১

- স্বকর্মে নিয়োজিত ১৮ থেকে ৫০ বছর বয়সি সকল বাংলাদেশি নাগরিকগণ 'সুরক্ষা' স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় পঞ্চাশোর্ধ্ব নাগরিকগণও ১০ বছর নিরবচ্ছিন্ন জমা প্রদান করলে পেনশন সুবিধা পাবেন।
- জাতীয় পরিচয়পত্রের (NID) ভিত্তিতে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করে 'সুরক্ষা' স্কিমে যুক্ত হওয়া যাবে।
- 'সুরক্ষা' স্কিমে মাসিক চাঁদা সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, সিটি ব্যাংক ও ব্র্যাক ব্যাংকের যেকোনো শাখায় সরাসরি জমা দেওয়া যাবে। এছাড়াও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস, অনলাইন ব্যাংকিং, ব্যাংক একাউন্ট হতে অটো ডেবিট অথবা ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে মাসিক চাঁদা প্রদান করা যাবে।
- পেনশনার আজীবন অর্থাৎ মৃত্যুর পূর্ব পর্যন্ত পেনশন সুবিধা ভোগ করবেন।
- চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তাঁর নমিনী/নমিনীগণকে এককালীন ফেরত দেওয়া হবে।

- চাঁদাদাতা, নিজের এবং পরিবারের সদস্যগণের চিকিৎসা, গৃহ নির্মাণ, গৃহ মেরামত এবং সন্তানের বিবাহের ব্যয় নির্বাহের জন্য, প্রয়োজনে, তহবিলে কেবল তার জমাকৃত অর্থের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ঋণ হিসাবে উত্তোলন করতে পারবেন। এই অর্থ কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত ফিসহ সর্বোচ্চ ২৪ (চব্বিশ) কিস্তিতে পরিশোধ করতে হবে এবং সমুদয় অর্থ চাঁদাদাতার হিসাবে জমা হবে।
- পেনশনার পেনশন ভোগরত অবস্থায় ৭৫ বছরের পূর্বে মৃত্যুবরণ করলে তার নমিনী/নমিনীগণ পেনশনারের বয়স ৭৫ বছর হওয়া পর্যন্ত পেনশন প্রাপ্য হবেন।
- সর্বজনীন পেনশন স্কিমে প্রদত্ত জমার বিপরীতে বিনিয়োগ কর রেয়াত পাওয়া যাবে এবং মাসিক পেনশন আয়কর মুক্ত থাকবে।
- পেনশনের টাকা উত্তোলনের জন্য কোনো অফিসে যেতে হবে না। পেনশনারের ব্যাংক একাউন্ট বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস একাউন্টে (যেমনঃ বিকাশ, নগদ, ইত্যাদি) পেনশনের অর্থ স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।
- 'সুরক্ষা' স্কিমে রেজিস্ট্রেশন কার্যক্রমে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউ ডি সি) সহযোগিতা প্রদান করবে।

### সুরক্ষা স্কিম রেজিস্ট্রেশন পদ্ধতি



[www.upension.gov.bd](http://www.upension.gov.bd)



f /National Pension Authority

জাতীয় পেনশন কর্তৃপক্ষ  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়



FAQ



হটলাইনঃ +৮৮ ০৯৬১০ ৯০০৮০০  
(বাংলাদেশ সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা)



জাতীয় পেনশন কর্তৃপক্ষ  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
৪৩, কাকরাইল, ঢাকা - ১০০০



[www.upension.gov.bd](http://www.upension.gov.bd)